



## ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন হবে বলে ট্রাম্পকে জানালেন প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

আগামী ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অবহিত করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। ওয়াশিংটনে আয়োজিত এক সংবর্ধনায় তিনি ট্রাম্পসহ বিভিন্ন বিশ্বনেতার সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন এবং ঢাকা সফরের আমন্ত্রণ জানান। বাংলাদেশের প্রধান উপদেষ্টা প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস আগামী ফেব্রুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে অবহিত করেছেন। বুধবার (২৪ সেপ্টেম্বর) বিষয়টি নিশ্চিত করেন ওয়াশিংটনে বাংলাদেশের প্রেস মিনিস্টার গোলাম মোর্তজা। প্রেস মিনিস্টার জানান, বাংলাদেশের সাম্প্রতিক পরিস্থিতি, রাজনৈতিক সংস্কার এবং নির্বাচন প্রক্রিয়া সম্পর্কে জানতে চান প্রেসিডেন্ট ট্রাম্প। জবাবে ড. ইউনূস ফেব্রুয়ারিতেই ভোট আয়োজনের কথা জানিয়ে তাঁকে ঢাকা সফরের আমন্ত্রণ জানান।

ওই সংবর্ধনায় ড. ইউনূস ট্রাম্প ছাড়াও আরও কয়েকজন বিশ্বনেতার সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। তাঁদের মধ্যে ছিলেন স্পেনের রাজা যষ্ঠ ফেলিপে, জাপানের প্রধানমন্ত্রী শিগেরু ইশিবা, জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস এবং জুটানের প্রধানমন্ত্রী শেরিং তোবগে।

এ ছাড়া প্রধান উপদেষ্টা যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কেস রুবিও এবং দক্ষিণ ও মধ্য এশিয়ার জন্য বিশেষ দূত সের্জিও গরের সঙ্গেও বৈঠক করেন।